ঃ মহাদেবপুর উপজেলা পরিষদে ১২/০৪/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ১২/০৪/২০২২ খ্রি:

সভার সময় : দুপুর ১২: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহবান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস:

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আলোচ্য মাসে সেবাগ্রহীতার তথ্য সম্পর্কে জানান যে, বহিঃ বিভাগ ৬৫৪৪ জন অন্তঃ বিভাগ-৮২৪ জন, জরুরি বিভাগ-১৪৭৮ জন, উপস্বাস্থ্য কেন্দ্র (৫টি)=৬২৫১ জন। নরমাল ডেলিভারী-৩০ জন এবং কুকুর ও অন্যান্য প্রাণির কামড়ানো রোগীর সংখ্যা-৯৩ জন, উপজেলা পরিষদ কর্তৃক র‍্যাবিস ভ্যাকসিন সরবরাহের ব্যবস্থা গ্রহণ করায় ধন্যবাদ জানানো হলো। বিষ খাওয়া রোগী-৪৩ জন (পুরুষ-২২ জন, মহিলা-২১ রোড অ্যাকসিডেন্ট রোগীর সংখ্যা ১৩৯ জন, পানিতে ডোবা রোগী নাই।

১.২। কৃষি বিভাগ:

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বর্তমানে রবি ২০২১-২০২২ মৌসুমে অত্র মহাদেবপুর উপজেলায় এ বছর বোরো ফসলের লক্ষ্যমাত্রা ২৮০৪০ হেক্টর। এ পর্যন্ত ২৮৪২ হেঃ জমিতে বোরো ফসলের চাষ হয়েছে।এর মধ্যে বোরো হাইব্রিড ১১২ হেক্টর ও উফশী-২৭৩০০ হেক্টর জমি রোপন হয়েছে। বোরো ও শাক সবজি ফসলের বর্তমান অবস্থা ভাল। কোথাও পোকা মাকড় ও রোগ বালাই এর উল্লেখযোগ্য সমস্যা নেই। মাঠে সার, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ, সরবরাহ সন্তোষজনক। মাঠে দন্ডায়মান বোরো ধান ও শাক সবজির রোগ বালাই দমন কার্যক্রম জোরদার করণের জন্য সার্বক্ষণিকভাবে উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে অবস্থান করছেন । সন্ধ্যায় বোরো ফসলের রোগ বালাই পূর্বাভাস জানার জন্য প্রতিদিন ০৫টি স্থানে আলোক ফাঁদের ব্যবস্থা গ্রহণ ও বিভিন্নভাবে পরামর্শ প্রদান করা হচ্ছে। তাছাড়াও কৃষকগণের সাথে এককভাবে যোগাযোগ, দলীয় আলোচনা, মসজিদ, মাদ্রাসা, বিভিন্ন হাটবাজারে, রাস্তার মোড়ে পথসভা কার্যক্রম অব্যাহত আছে।

১.৩। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, অত্র দপ্তরের মাধ্যমে গবাদি পশুর টিকা ১১৮০ মাত্রা ও হাঁস, মুরগীর টিকা ৩২,৬০০ মাত্রা প্রদান করা হয়েছে, ১৯৩৫ টি গবাদি পশু ও ১২,৫৬২টি হাঁস- মুরগীর চিকিৎসা করা হয়েছে। ৯২০টি গবাদি পশু কৃত্রিম প্রজনন করা হয়েছে। খামার রেজিস্ট্রেশন ৫৭৫/-, টিকা বিক্রয় বাবদ ৮০৩০/- কৃত্রিম প্রজনন ফি বাবদ ২৬,০৪০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.৪। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, বর্তমানে মহাদেবপুর উপজেলায় ৫৫১ টি গভীর নলকূপ সচল রয়েছে। সেচ কার্যক্রমের তেমন কোন সমস্যা নেই। দাপ্তরিক সকল কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৫। উপজেলা সমাজসেবা বিভাগ:

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ও বিধবা ভাতার আবেদন ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে। উপকারভোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৪,৬৩২ জন, বিধবা ভাতা ৭৭৬৫ জন, প্রতিবন্ধী ভাতা ৫১৭২ জন, হরিজন ভাতা ১৬০ জন, হিজরা ভাতা ১ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৫৩৬ জন, হরিজন উপবৃত্তি ৩০ জন হিজরা উপবৃত্তি ১ জন । দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে।

চলমান পাতা-২

১.৬। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই। রোজার মাসেও বিদ্যালয় খোলা আছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।

১.৭। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর:

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, অত্র দপ্তর কর্তৃক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ আগামী ১৮/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত হচ্ছে । দপ্তরের কার্যক্রমে কোন সমস্যা নাই । শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন নির্মানের কাজ শিঘ্রই শুরু হবে। গাছ ও পরিত্যক্ত ভবন দ্রুত অপসারনের ব্যাপারে উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করা হচ্ছে ।

১.৯। উপজেলা মৎস্য অফিস:

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর কার্যালয়ের কার্যক্রম বিষয়ে বর্ণনা করে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অফিসে আগত মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়েছে। এ ছাড়া মৎস চাষীদের পুকুর খামার পরিদর্শন পূর্বক পানি পরীক্ষা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। আত্রাই নদীতে মৎস্য অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। জাটকা নিধন কার্যক্রমকে প্রতিহত করার জন্য হাট-বাজার পরিদর্শন ও অভিযান কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। তিনি আরও জানান যে, মৎস্য চাষীদের মাছচাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে হাট-বাজার , আত্রাই নদী পরিদর্শন ও অভিযান কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। স্থাপিত প্রদর্শনী পুকুর পরিদর্শন ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং মৎস্যজীবিদের আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়েছে।

১.১০। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে।

১.১১। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, নওগাঁ যুব প্রশিক্ষণের আবাসিক প্রশিক্ষণ বরাদ্দ না থাকায় বন্ধ আছে। মোটর যান চালক প্রশিক্ষণ চালু থাকার কথা থাকলেও তা বিলম্ব হচ্ছে। চালু হলে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১২। উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নওগাঁ যুব অডিট বরাদ্দ রয়েছে =২২২টি, অডিট সম্পাদন =২২২টি এবং ৫৮টি সমিতির নীট লাভ হয়েছে। অডিট দি আদায় =গতমাসে ৮৫৫৬০/-, বর্তমান ২৪৬৭০/- মোট আদায় ১,১০,২৩০/- ।
সমবায় উন্নয়ন ও বিল= গত মাস ৪৩৬১৭ বর্তমান মাস ১০৫৭৮ মোট ৫৪১৯৫। সমবায় সমিতির নিবন্ধন আলোচ্য মাসে
নেই। সমবায় সমিতির পরিদর্শন =৩৫টি। বার্ষিক সাধারণ সভা =৬৫টি। সমবায় সমিতির নির্বাচন =১৭টি। সমবায়
সমিতির অন্তবর্তী কমিটি গঠন=২৯টি এবং ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত ১০০%।

১.১৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিস:

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আলোচ্য মাসে ৬০ জন আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের মাঝে সহায়তা প্রদান করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিস:

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় মহাদেবপুর ইউসিসিএ লি: এর বিভিন্ন প্রাথমিক সমবায় সমিতিতে আবর্তক (কৃষি ঋণ) চলতি মাসে ৬.৫৭ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে ক্রমপুন্ডিতে ৫০.০১ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। চলতি মাসে আদায় হয়েছে ৫.৪৭ লক্ষ টাকা । চলতি অর্থ বছরে ক্রমপুন্ডিতে আদায় হয়েছে ৪৩.৬০ লক্ষ টাকা। পল্লী প্রগতী প্রকল্পের মাধ্যমে চাঁন্দাশ ইউনিয়নের ২টি সমিতিতে চলতি মাসে ৪.৪০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। চলতি মাসে ঋণ আদায় হয়েছে ৩.৮৮ লক্ষ টাকা। চলতি মাসে অপ্রধান শস্য প্রকল্পের তিনদিনের প্রশিক্ষণ কর্মসূচী সম্পন্ন হয়েছে। সিভিডিপি প্রকল্পের আওতায় চলতি মাসে নওগাঁয় টিটিসিতে মোটর ড্রাইভিং এর প্রশিক্ষণের জন্য ১০ জনকে পাঠানো হয়েছে ৬০ দিন ব্যাপী। রাজশাহীতে মহিলা পলিটেকনিকালে ১০ জনকে কম্পিউটার গ্রাফিক্স প্রশিক্ষণের জন্য পাঠানে হয়েছে। রাজশাহী ইউমেপ এ ২০ জন মহিলাকে টেইলারিং প্রশিক্ষণের জন্য পাঠানো হয়েছে ৬০ দিন ব্যাপী। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে।

চলমান পাতা-৩

১.১৫। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যক্রম :
ক) গবাদিপশুর টিকাদান: ১৫৮৫ মাত্রা
খ) হাঁস-মুরগির ঠিকাদান: ৫৪০০০
গ) গবাদিপশুর চিকিৎসা: ১৯৩৮টি
ঘ) হাঁস-মুরগির চিকিৎসা: ১২৫৬৫টি

২। গবাদিপশুর কৃত্রিম প্রজননের সংখ্যা: ৯২০টি
৩। রাজস্ব আদায়:
ক) খামার রেজিস্ট্রেশন : ০/-
খ) টিকা বিক্রয় বাবদ : ১০৫২৫/-
গ) কৃত্রিম প্রজনন ফি বাবদ : ২৬৫৪০/-
ঘ) সর্ব মোট রাজস্ব আদায় : ৩৭৫৬৫/-

৪। বার্ডফ্লু প্রতিরোধের বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং ইহা প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করেন ।
৫। ক্ষুরারোগ প্রতিরোধের তিনি বিস্তারিত আলোচনা করেন এবং ইহা প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করেন।
৬। গবাদিপশুর টিকাদান কার্যক্রম চলছে ।
৭। হাঁস-মুরগির টিকা প্রদান কার্যক্রম চলছে ।
৮। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৬। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে মোট সক্ষম দম্পত্তি ৭০,১০৫ জন, মোট গ্রহণকারী ৫৫৯৪৬ জন, মোট গ্রহণকারীর হার ৭৯.৮০%, পুরুষ- ১৬৩৯১৮ জন, মহিলা- ১৫৯৯৩৯ জন, সর্বমোট= ৩২৩৮৫৭ জন।
স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম:
পুরুষ- ০১ জন, মহিলা- ১৮ জন, আইইউডি- ১২ জন, ইমপ্ল্যান্ট- ৮৩ জন মোট গর্ভবতী- ১৫১৪ জন, মোট জীবিত জন্ম- ২৩৮ জন, সাধারণ রোগী পুরুষ- ৬৩৮ জন, মহিলা- ২৬৫২ জন।

১.১৭। পল্লী বিদ্যুৎ সমিতি:

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ জানান বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে। নিয়মিতভাবে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। কোন সমস্যা নেই।

১.১৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,
১। টি আর, ১ম ও ২য় পর্যায় কাজ ৯০% হয়েছে এবং ৩য় পর্যায় প্রকল্প গ্রহনের কাজ চলমান ।
২। কাবিটা ১ম ও ২য় পর্যায় সাধারণ ও নির্বাচনী কাজ ৯০% হয়েছে
৩। ঘরের কাজ চলমান রয়েছে ।
৪। অতিদারিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ২য় পর্যায়ে কাজ চলমান ।

১.১৯। বন বিভাগ:

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, অত্র মহাদেবপুর উপজেলায় বন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ইতি:পূর্বে মহাদেবপুর উপজেলার আত্রাই নদীর উভয় পার্শ্বের বিধি মতে নিলামের মাধ্যমে বিক্রয় হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.২০। উপজেলা প্রকৌশল দপ্তর ঃ

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। উপজেলা উন্নয়ন তহবিলের কাজ শতভাগ শেষ হয়েছে। বার্ষিক উন্নয়নের কাজ প্রায় শেষ পর্যায়ে। নির্ধারিত সময়ের মধ্যে ১০০% কাজ শেষ হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

২। অনুন্নত হাট উন্নয়নের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে, অনুন্নত হাট উন্নয়নের ২০২১-২২ অর্থ বছরের অর্থ দ্বারা ইতোপূর্বেক সকল কাজ করা হয়েছে। কিছু অর্থ অবশিষ্ট রয়েছে। অনুন্নত হাট উন্নয়নের অবশিষ্ট অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করা যেতে পারে বলে তিনি সভাকে অবহিত করেন।
বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে অবশিষ্ট অর্থ দ্বারা নিম্নরুপ প্রকল্প গ্রহণের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৪

উপজেলার অন্তর্গত অনুন্নত হাট উন্নয়নের ১০% অর্থ দ্বারা চূড়ান্তভাবে অনুমোদনকৃত প্রকল্পের তালিকা।

| ক্র:নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | টাকার পরিমান | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | হাতুর | ক) মহিষবাথান হাটে খোলা শেড নির্মাণ<br>খ) মহিষবাথান হাটে রাস্তায় ইট সোলিং<br>গ) মহিষবাথান হাটে টিউবওয়েল স্থাপন | ২,০০,০০০/- | পিআইসি |
| ২ | | ক) মহিষবাথান হাটে খোলা শেড নির্মাণ<br>খ) মহিষবাথান হাটে সেডের ছাউনি নির্মাণ<br>গ) মহিষবাথান হাটে পানি নিষ্কাষনের জন্য ড্রেন সংস্কার | ২,০০,০০০/- | |
| | | মোট= | ৪,০০,০০০/- | |
| ১০ | এনায়েতপুর | এনায়েতপুর ইউনিয়নের সুজাইল হাটের ওপেন শেড নির্মাণ ও সেড সংস্কার | ২,০০,০০০/- | পিআইসি |
| ১১ | | এনায়েতপুর ইউনিয়নের সুজাইল হাটের সৌচাগারসহ নলকূপ স্থাপন এবং হাটে বসার সিট স্থাপন | ২,০০,০০০/- | |
| | | মোট= | ৪,০০,০০০/- | |
| ১৩ | সফাপুর | পাহাড়পুর হাটে টিউবওয়েল স্থাপন | ২,০০,০০০/- | পিআইসি |
| ১৪ | | জিগাতলা হাটে ওপেন ড্রেন ও টিউবওয়েল স্থাপন | ২,০০,০০০/- | |
| | | মোট= | ৪,০০,০০০/- | |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবীব)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☏০২৫৮৮৮৮৭৫১০০ মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল: uzpcmohadevpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
Website: mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০.১০.০১.২২- ৪২৬

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ- ৩, মহাদেবপুর-বদলগাছী নির্বাচনী এলাকা, নওগাঁ।
২। জেলা প্রশাসক, নওগাঁ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৫। উপজেলা --------------------------------------------------অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৬। চেয়ারম্যান, ------------------------------------------ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
৭। ---------------------------------------------------------------------------------

১২/৪/২২

(মোঃ মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর,নওগাঁ।
☏০২৫৮৮৮৮৫০০১ মোবা: ০১৭৭৪৯১৪৮৪৯